

# Times Today BD

নূর আলম | দেশজুড়ে | 17 April, 2025

আন্তর্জাতিক সীমানা আইন লঙ্ঘন করে বাংলাদেশ-ভারত সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের চেষ্টা চালায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে তাৎক্ষণিকভাবে প্রতিরোধ গড়ে তোলে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। বিজিবির সক্রিয় ভূমিকায় নির্মাণকাজ বন্ধ হয়ে যায় এবং বর্তমানে ওই এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে।

বুধবার (১৬ এপ্রিল) দুপুরে নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলার ভবানীপুর সীমান্তে ১১৫৬ নম্বর পিলারসংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। বিজিবির প্রতিবাদের মুখে বিএসএফ সদস্যরা সরে যেতে বাধ্য হয়। এ ঘটনার পর সীমান্ত এলাকায় উত্তেজনা তৈরি হলেও বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

৩১ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এ এস এম কামরুজ্জামান (পিবিজিএম) বলেন, “বিএসএফ আন্তর্জাতিক সীমান্ত আইন ভঙ্গ করে বেড়া নির্মাণের চেষ্টা করে। বিজিবির সদস্যরা তাৎক্ষণিকভাবে বাধা দিলে তারা নির্মাণকাজ বন্ধ করতে বাধ্য হয়। তবে স্থানীয়দের চলাচলের জন্য বাংলাদেশের ভেতর দিয়ে একটি সড়ক দ্রুত নির্মাণ না হলে এ ধরনের সমস্যা বারবার দেখা দিতে পারে।”

ঘটনার প্রত্যক্ষদর্শী ও স্থানীয় কৃষক তোতা মিয়া বলেন, “সীমান্ত এলাকায় রাস্তা ও সেতু নির্মাণকাজে দীর্ঘদিনের গড়িমসি পরিস্থিতি জটিল করে তুলেছে। মূল সড়কটি নদীগর্ভে বিলীন হওয়ায় অনেক সময় আমাদের ভারতে প্রবেশ করে বিকল্পপথে চলাচল করতে হয়। সেই সুযোগে বিএসএফ নানা সময় উসকানিমূলক আচরণ করে। দ্রুত রাস্তা ও সেতুর নির্মাণ কাজ শেষ না হলে দশ গ্রামের মানুষ বর্ষায় দুর্ভোগে পড়বে।”

নাম প্রকাশে অনিচ্ছুক বিজিবির এক সদস্য বলেন, “বিএসএফ আন্তর্জাতিক নিয়ম ভেঙে সীমান্ত পিলারের দেড়শ গজের ভেতরে বেড়া নির্মাণ করতে আসে। আমরা সঙ্গে সঙ্গে তাদের বাধা দিই এবং তারা নির্মাণ কাজ বন্ধ করে ফিরে যায়।”

এ বিষয়ে দুর্গাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নাভিদ রেজওয়ানুল কবীর বলেন, “সীমান্তবর্তী এলাকায় সড়ক ও সেতু নির্মাণে কিছু জটিলতা রয়েছে। নদী থেকে বালু উত্তোলন সংক্রান্ত কিছু সমস্যা থাকলেও বর্ষার আগেই বিকল্প সড়ক নির্মাণে উদ্যোগ নেওয়া হবে।”

বিজিবি কর্মকর্তারা জানান, সীমান্ত সুরক্ষা নিশ্চিত বিজিবির নজরদারি আরও বাড়ানো হয়েছে এবং এ ঘটনায় উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 03:21

URL: <https://timestodaybd.com/across-the-country/458086943>